# আলু মালু কালু

বিনিতা কৃষ্ণা
সুবিধা মিস্ত্রী



Original Story in Hindi **'Aaloo-Maaloo-Kaaloo'** by Vinita Krishna

Illustrations: Suvidha Mistry

**'Aaloo-Maaloo-Kaaloo' —** Bengali Translation by Kanika Bandopadhyay

© Pratham Books, 2006

First Bengali Edition: 2012

ISBN: 978-81-8479-290-4

Typesetting and layout:
Pratham Books, New Delhi

Printed by:
EIH Limited Unit Printing Press, Manesar

Published by:
Pratham Books | **www.prathambooks.org**

**Registered Office:**
PRATHAM BOOKS
# 621, 2nd Floor, 5th Main, OMBR Layout
Banaswadi, Bangalore 560 043
T: +91 80 42052574 / 41159009

**Regional Office:**
New Delhi | T: +91 11 41042483

Some rights reserved. This book is CC-BY-3.0 licensed. Which means you can download this book, remix illustrations and even make a new story - all for free! To know more about this and the full terms of use and attribution visit http://prathambooks.org/cc.

PRATHAM BOOKS

# আলু মালু কালু




লেখিকা

বিনিতা কৃষ্ণা

চিত্রাঙ্কন

সুবিধা মিস্ত্রী

বাংলা অনুবাদ

কনিকা বন্দ্যোপাধ্যায়

আজ প্রথম বার মালু ক্ষেত থেকে তরিতরকারি তুলতে গেল। সে তুলল টমেটো, লম্বা বেগুন আর টাটকা ঢ্যাঁড়স।



দিদা বললেন, ‘‘বেশ বেশ। খুব ভালো করেছিস।
যা এবার কিছু আলু নিয়ে আয়।’’





মালু আলু খুঁজতে লাগল।
সব ছোটো গাছ, লতানো গাছ,
বড় গাছ খোঁজা হোল।
একটাও আলু দেখা গেল না।



‘‘দিদা আলু এখনো হয়নি,’’ খালি ঝুড়ি নামিয়ে রেখে মালু বলল। ‘‘না মালু, ভাল করে দেখ অনেক আলু আছে।’’ মালু আবার বাগানে গেল।

এবার কালু তার পিছনে পিছনে গেল।



মালু আলু খুঁজতে খুঁজতে
শুনল, ‘‘ঘৌ ঘৌ।’’



"কালু, থাম থাম।" মালু ছুটে কালুর কাছে গেল। "বাগানটা নষ্ট করিস নি।" মালু দেখে কালু মাটি খুঁড়ছে। তারপর কি হল জান? কি বার হল কাদা মাটি থেকে?

বিরাট আলু।



“খুব ভাল করেছিস কালু। তুই আলু দেখতে পেয়েছিলি!” আলু তুলে ঝুড়ি ভরতে ভরতে মালু হেসে বলল।

# Read India

প্রথম বুক্স্ শুরু হয় ২০০৪ সালের জাতীয় ‘রিড ইন্ডিয়া’ অভিযানের অংশ হিসাবে। যার উদ্দেশ্য ছিল শিশুদের মধ্যে বই পড়ার উৎসাহ জাগিয়ে তোলা। প্রথম বুক্স্ একটি অলাভজনক প্রতিষ্ঠান যার নিজের উদ্দেশ্য বিভিন্ন ভারতীয় ভাষায় উচ্চ স্তরের শিশুপাঠ্য বই প্রকাশ করা। ‘প্রতিটি শিশুর হাতে একটি বই’ দেখতে পাওয়া ও সকল শিশুদের জন্য পড়ার আনন্দ সমানভাবে উপলব্ধ করাই আমাদের একান্ত প্রয়াস।

যাঁরা এই প্রচেষ্টায় আমাদের সাহায্য করতে উৎসুক তাঁরা এই ই-মেলে আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন:

info@prathambooks.org



তিন দশক ধরে বিনিতা কৃষ্ণা লেখিকা ও শিক্ষিকা। তাঁর সংবেদনশীল লেখাগুলি আর্ন্তজাতিক খ্যাতি লাভ করেছে। তিনি নানাভাবে নানা মাধ্যমে শিশুদের প্রতি তাঁর ভালোবাসা প্রকাশ করেছেন।



সুবিধা মিস্ত্রী একজন স্বনিযুক্ত ব্যাখ্যাকার এবং চারুশিল্পী। তিনি তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্প দিল্লীতে ব্যবহারিক শিল্প নিয়ে অধ্যয়ন করেছেন। তিনি শিশুদের জন্য অনেক গল্পের বইএর ব্যাখাকার এবং গত ৯বছর যাবৎ তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্পের জন্য কাজ করেছেন।

একদিন মালু রান্না ঘরের বাগান থেকে আলু তুলতে গেল। কে তাকে সাহায্য করল ভাবতে পার? কালু! পড়ে দেখ কালুর সঙ্গে মালুর আলু খোঁজার কথা।

**পড়তে শেখা - ধাপে ধাপে। এই বইটি ১ স্তরের অন্তর্গত।**

**১**

**পড়ার শুরু/পড়ে শোনানো**

খুব ছোট শিশুদের জন্য - যারা পড়তে শুরু করতে চায় আর গল্প শুনতে ভালবাসে।

**২**

**পড়তে শেখা**

সেই সব শিশুদের জন্য যারা কিছু জানা শব্দ চিনতে পারে আর সাহায্য পেলে নতুন শব্দ পড়তে পারে।

**৩**

**নিজে পড়া**

সেই সব শিশুদের জন্য যারা নিজে-নিজে পড়তে তৈরী হয়ে উঠেছে।

**৪**

**স্বচ্ছন্দে পড়া**

একটু বড় শিশুদের জন্য যারা নিজেরাই স্বচ্ছন্দে পড়তে পারে।

**PRATHAM BOOKS**

প্রথম বুক্স্ একটি অলাভজনক প্রতিষ্ঠান যা বিভিন্ন ভারতীয় ভাষায় শিশুপাঠ্য পুস্তক প্রকাশ করে, যাতে শিশুরা বই পড়তে ও ভালবাসতে শেখে।

www.prathambooks.org

Aaloo-Maaloo-Kaaloo
(Bengali)
MRP: ₹ 25.00

ISBN 978-81-8479-290-4

9 788184 792904